সংবাদ

তারিখ : 29 DEC 2015
পৃষ্ঠা : ৩২ কলাম : ২

# শেবাচিমে বাণিজ্যের অভিযোগে নিয়োগ কার্যক্রম স্থগিত

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ বানিজ্য নিয়ে এখনও চলছে তুঘলকি কান্ড। নিয়োগ পেয়ে যোগদান করার এক সপ্তাহ পর মঙ্গলবার ৪র্থ শ্রেণীর দুই কর্মচারীকে বাদ দিয়ে অপর দুইজনকে নিয়োগ দেয়া হয়েছে। যদিও স্বাস্থ্য মন্ত্রী মোঃ নাসিম গত ১৫ ডিসেম্বর শেবাচিম হাসপাতালের নিয়োগ কার্যক্রম স্থগিত রাখার নির্দেশ দিয়েছিলেন। এদিকে শেবাচিম হাসপাতালের কর্মচারী নিয়োগের অনিয়ম তদন্তে ৩ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এদিকে বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগে অনিয়মের অভিযোগ তদন্তে ৩ সদস্যের কমিটি গঠন করেছে স্বাস্থ্য মন্ত্রাণালয়। গত বুধবার স্বাস্থ্য মন্ত্রাণালয়ের উচ্চ পর্যায়ের এক সভায় এ তদন্ত কমিটি গঠন করে কমিটিকে আগামী বুধবারের মধ্যে তদন্ত রিপোর্ট প্রদানের জন্য বলা হয়েছে। ৩ সদস্যের তদন্ত কমিটির প্রধান হচ্ছেন যুগ্ম সচিব হাবিবুর রহমান। উল্লেখ্য, শেবাচিম হাসপাতালে ২৮৩ জন ৩য় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী নিয়োগে কোটি কোটি টাকার ঘুষ বানিজ্যের অভিযোগ ওঠায় গত ১৫ ডিসেম্বর স্বাস্থ্য মন্ত্রী নিয়োগ কার্যক্রম স্থগিত রাখার নির্দেশ দেন।